

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
www.bomd.gov.bd



বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ  
অগ্রাধিকার

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার  
কার্যবিবরণী (জানুয়ারি-মার্চ, ২০২৪) (তৃতীয় কোয়ার্টার)


সভাপতি	মোঃ আবুল বাসার সিদ্দিক আকন পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	০৭-০৩-২০২৪
সভার সময়	দুপুর ২.৩০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক...

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ, ২০২৩ পর্যন্ত) ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত সভায় সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি কমিটির সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। তিনি জানান, বিএমডির মহাপরিচালক পদে গত ২৫-০১-২০২৪ খ্রি. তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন), জনাব মোঃ হামায়ুন কবীর স্যারকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করায় বিএমডির সিটিজেন চার্টারসহ ওয়েবসাইট হালনাগাদ করা হয়েছে। তিনি আরও জানান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ০১ মার্চ ২০২৩ তারিখের পত্র মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগের ২৩ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের জারিকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার জন্য অনুরোধ জানায়। সভাপতি কমিটির সকলকে মন্ত্রিপরিষদ বিভাগের পত্র অনুযায়ী কাজ করার নির্দেশনা প্রদান করেন।

ক্র. নং	কার্যক্রম/আলোচনা	অগ্রগতি এবং সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	[ ১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	১২-০৩-২০২৪ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ৩১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
	[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।	বিএমডির যেহেতু আওতাধীন দপ্তর/সংস্থা নেই তাই ১১-০৩-২০২৪ তারিখে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি অবহিতকরণ বিষয়ক সভা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.	[ ২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে (আওতাধীন দপ্তর/সংস্থা সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন। আওতাধীন দপ্তর সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন।	বিএমডির আওতাধীন দপ্তর/সংস্থা নেই। আওতাধীন দপ্তর সংস্থা না থাকায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন এই কোয়ার্টার শেষ হলে ১৫ এপ্রিল, ২০২৩ তারিখের মধ্যে উর্ধ্বতন অফিসে প্রেরণ করা হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিএমডি'র কর্মকর্তা/কর্মচারীদের জন্য ১৭ নভেম্বর, ২০২৩ তারিখে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
--	---	-------------------------

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৪-০৩-২০২৪

মোঃ আবুল বাসার সিদ্দিক আকন

পরিচালক (যুগ্মসচিব)

+৮৮০২২২২২২২৬১৯৪


director@bomd.gov.bd

৩০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২.১৪৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক (সংযুক্ত), পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ২। উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), উপপরিচালক (খনি ও খনিজ)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩। সহকারী পরিচালক (ডু-রসায়ন), উপপরিচালক (খনি ও খনিজ)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) এবং
- ৪। পি.এ টু মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।



১৬-০৩-২০২৪

মোসাঃ মাহবুবা খাতুন

সহকারী পরিচালক (ভূতত্ত্ব)